

X/C  
২৫/১২/১৮

পশ্চিমাঞ্চলী বাংলাদেশ সরকার  
শিক্ষা মন্ত্রণালয়  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ  
বাড়েট শাখা  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।  
[www.shed.gov.bd](http://www.shed.gov.bd)

স্থানক নং-৩৭,০০,০০০০,০৬৪,৯৯,০০৩,২০-২৮৮

তারিখ: ০৪ আবিন ১৪২৮ বঙ্গাব্দ  
১৯ সেপ্টেম্বর ২০২১ খ্রিস্টাব্দ

সতর্কীকরণ বিজ্ঞপ্তি।

এতরারা সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় হতে প্রতিবছর শিক্ষা প্রতিষ্ঠান, শিক্ষক-কর্মচারী ও ছাত্র-ছাত্রীদের আর্থিক অনুদান প্রদান করা হয়। “শিক্ষা প্রতিষ্ঠান, শিক্ষক-কর্মচারী ও ছাত্র-ছাত্রীদের জন্য আর্থিক অনুদান প্রদান” অনুসরণীয় নীতিমালা অনুযায়ী বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়। এরপর নীতিমালা অনুযায়ী অনলাইনে প্রাপ্ত আবেদন যাচাই-বাচাই করে আর্থিক অনুদান প্রদান করা হয়। কিন্তু একটি অসাধু চক্র মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের কর্মকর্তাদের পরিচয় দিয়ে শিক্ষা প্রতিষ্ঠান প্রধান, শিক্ষক-কর্মচারী ও ছাত্র-ছাত্রীদের কে বিভিন্ন মোবাইল নম্বরসমূহ হতে কল দিয়ে আর্থিক অনুদান প্রদান করবে মর্মে মিথ্যা আশাস দিয়ে তাদের মোবাইল ব্যাংক হিসাবের পোপনীয় পিন কোড নম্বর নিয়ে সে একাউন্ট হতে অর্থ হাতিয়ে নিচ্ছে। যার ফলে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের সুনাম নষ্ট হচ্ছে এবং এ বিভাগের প্রতি সাধারণ মানুষের বিবৃল ধারনা সৃষ্টি হচ্ছে।

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়ের পরিচয় দিয়ে শিক্ষা প্রতিষ্ঠান প্রধান, শিক্ষক-কর্মচারী ও ছাত্র-ছাত্রীদের নিকট মোবাইল ব্যাংক হিসাবের পোপনীয় পিনকোড ঢাওয়া হয় নি। এছাড়া মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ হতে অর্থ দারী করা হয়না। যদি মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ অথবা অন্য যে কোন পরিচয় দিয়ে পিন কোড/অর্থ দারী করে তাহলে তাদের বিবৃক্ষে আইনগত ব্যবস্থা নেয়াসহ এ বিষয়ে প্রত্যারক চক্র হতে সতর্ক ধাকার জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশনার অনুরোধ করা হল।

(মোঃ ফজলুর রহমান)  
সিনিয়র সহকারী সচিব  
ফোন- ৯৫১২২০৫

E-mail: moebudgetsection@gmail.com

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো (জ্ঞেষ্ঠাতার ক্রমানুসারে নথি):

- ১। উপসচিব, বাড়েট অধিশাখা-২, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ২। মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৪। মাননীয় উপসচিব মহোদয়ের একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।  
সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, (বিজ্ঞপ্তি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৫। অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।